

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
অডিট-২ অধিশাখা।
www.lgd.gov.bd

স্মারক নং-৪৬.০৪৯.০১০.০২.০০.০০১.২০১৪(অংশ)-৯৫২


তারিখ ০৪ মে ২০১৬ খ্রিঃ।

বিষয়ঃ বাংলাদেশ জাতীয় সংসদের সরকারি হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটিতে উপস্থাপনের লক্ষ্যে ঢাকা সিটি কর্পোরেশন কার্যালয়ের ২০০৭-২০০৯ অর্থ বছরের অডিট আপত্তির (রিপোর্টভুক্ত) অগ্রিম অনুচ্ছেদসমূহের উপর বিগত ৭ম ও ১৩তম বৈঠকের সিদ্ধান্ত বাস্তবায়নের সর্বশেষ অগ্রগতিমূলক জবাব প্রেরণ।

সূত্রঃ (ক) বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়ের কমিটি-১ শাখার স্মারক নং-১৫৪, তারিখঃ ০২ এপ্রিল ২০১৬ খ্রিঃ।
(খ) স্থানীয় সরকার বিভাগের স্মারক নং- ১৬০, তারিখঃ ২ মে ২০১৬ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে বাংলাদেশ জাতীয় সংসদের সরকারি হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটির ৫০তম বৈঠক আগামী ২৯ মে ২০১৬ খ্রিষ্টাব্দে অনুষ্ঠিত হবে। উক্ত বৈঠকে বাংলাদেশের মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক এর ২০০৯-২০১০ সনের বার্ষিক অডিট রিপোর্টভুক্ত ঢাকা সিটি কর্পোরেশন, কার্যালয়ের ২০০৭-২০০৮ অর্থ বছরের অডিটে উত্থাপিত আপত্তিসমূহের বিষয়ে ইতোপূর্বে ১০ম বাংলাদেশ জাতীয় সংসদের সরকারি হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটির ৭ম ও ১৩তম ভ্রম বৈঠকের সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা করা হবে। অনুষ্ঠিতব্য বৈঠকের কার্যপত্র সুদ্রোক্ত স্মারকের মাধ্যমে আগামী ১০ মে ২০১৬ তারিখের মধ্যে সংসদ সচিবালয় এবং স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তরে প্রেরণের জন্য অনুরোধ জানানো হয়।

এমতাবস্থায়, সরকারি হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটির ৫০তম বৈঠকে উপস্থাপনের নিমিত্ত একই কমিটি ৭ম ও ১৩তম বৈঠকের সিদ্ধান্ত বাস্তবায়নের বাস্তব অগ্রগতি সম্পর্কিত ৩(তিন) সেট নিষ্পত্তিমূলক জবাব ও প্রমানকসমূহ (সিডি/পেনড্রাইভসহ) আগামী ০৮ মে ২০১৬ খ্রিঃ তারিখের মধ্যে স্থানীয় সরকার বিভাগে প্রেরণ নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।


(মোঃ এরশাদুল হক)
উপসচিব
ফোন-৯৫৪০৩২৬।

১। প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, ঢাকা।
২। প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে :

১. অতিরিক্ত সচিব (প্রশাসন/নগর উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ।
২. যুগ্ম-সচিব (অডিট/সিটি কর্পোরেশন), স্থানীয় সরকার বিভাগ।
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪. কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হল)।
৫. সংরক্ষণ নথি।